**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সমাজের অগ্রগতির জন্য ছাত্রছাত্রীদের মেধা ও জ্ঞান সঠিকভাবে প্রয়োগ করতে হবে ।**

**(২) পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, আগরতলা পুর এলাকায় যানজট এড়াতে সড়ক পরিবহন দপ্তর কিছু পদক্ষেপ গ্রহন করছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কানাডার কানানাস্কিসে জি-7 শীর্ষ সম্মেলনে যোগ দিচ্ছেন ।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামী ২১শে জুন হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করবেন ।**

****************************************

**CM-Town Hall :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সমাজের অগ্রগতির জন্য ছাত্রছাত্রীদের মেধা ও জ্ঞান সঠিকভাবে প্রয়োগ করতে হবে। আজ আগরতলার টাউন হলে বিজেপি-র বড়দোয়ালি মন্ডল আয়োজিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের কৃতি সম্বর্ধনা অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের ছাত্রছাত্রীদের মধ্যে মেধা রয়েছে। বর্তমান রাজ্য সরকার ছাত্রছাত্রীদের মেধার বিকাশ বহু প্রকল্প চালু করেছে। যার মধ্যে রয়েছে সুপার থারটি প্রকল্প, মুখ্যমন্ত্রী মেধা পুরস্কার, টেলেন্ট সার্চ এক্সাম, বিদ্যাজ্যোতি প্রকল্প, সাইকেল ও স্কুটি বিতরণ ইত্যাদি। তিনি বলেন মেয়েদের আত্মনির্ভর করতে সরকার মুখ্যমন্ত্রী কন্যা আত্মনির্ভর যোজনা চালু করেছে। যার মাধ্যমে উচ্চমাধ্যমিকে পাঠরত ১৪০ জন ছাত্রীকে স্কুটি প্রদান করা

হয়েছে। তাছাড়া নবম শ্রেণীর প্রায় ১ লক্ষ ১২ হাজার ছাত্রীদের মধ্যে সাইকেল প্রদান করা হয়। সাধারণ ডিগ্রী কলেজগুলিতে পাঠরত ছাত্রীদের ফী মকুব করা হয়েছে। দিব্যাঙ্গদের জন্য মুখ্যমন্ত্রী বিশেষ স্কলারশিপ চালু করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবসময় বৃত্তিমূলক শিক্ষার উপর জোর দিয়ে এসেছেন। তিনি নয়া শিক্ষানীতির প্রশংসা করে বক্তব্য রাখেন।

########Byte-CM#######

******************************

**Transport Minister :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, আগরতলা পুর এলাকায় যানজট এড়াতে সড়ক পরিবহন দপ্তর কিছু পদক্ষেপ গ্রহন করছে। আজ মহাকরনে সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানিয়েছেন। আগরতলার পুর নিগম এলাকায় চলাচলকারী অটোরিক্সাগুলোকে আলাদাভাবে চিহ্নিত করতে এখন থেকে অটোরিক্সার সামনের অংশে গোলাপি রঙ করা হবে। আগরতলা পুর এলাকার বাইরের পারমিটের অটোরিক্সাগুলোর যে রঙ রয়েছে তাই থাকবে। পরিবহনমন্ত্রী বলেন, আগরতলা পুর এলাকার পারমিটের অটোরিক্সাগুলো যেমন যাত্রী নিয়ে নির্ধারিত রুটের বাইরে চলাচল করতে পারবে না তেমনি, পুর নিগম এলাকার বাইরের পারমিটের অটোরিক্সা আগরতলা শহরে যাত্রী নিয়ে চলাচল করতে পারবে না। তবে এক্ষেত্রে বিমানবন্দরে যাত্রীবহন এবং আগরতলার বিভিন্ন সরকারী হাসপাতালে রোগী নিয়ে আসা অটোরিক্সাগুলোর ক্ষেত্রে প্রয়োজনীয় প্রমাণপত্র হিসাবে যাত্রী সাধারনের বিমান টিকিট বা হাসপাতালের টিকিট দেখাতে হবে। অটোরিক্সা চলাচলে নজরদারীর জন্য আগরতলা পুর এলাকায় নাকাপয়েন্ট থাকবে। অটোরিক্সার দূরপাল্লার যাত্রী পরিবহনে বিধিনিষেধের কথা উল্লেখ করেন পরিবহনমন্ত্রী।

#####Byte-Tourism Minister#####

********************************

**PM–G7 Summit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাতের দিকে কানাডার কানানাস্কিসে জি–7 শীর্ষ সম্মেলনে যোগ দেবেন। দু'দিনের কানাডা সফরে আজ সকালে ক্যালগারিতে পৌঁছেছেন শ্রী মোদী।

প্রধানমন্ত্রী পরিবর্তনশীল বিশ্বে সহজলভ্যতা এবং সাশ্রয়ী মূল্য নিশ্চিত করার জন্য জ্বালানি নিরাপত্তা, প্রযুক্তি, পরিকাঠামো এবং বিনিয়োগের ভবিষ্যৎ নিয়ে জি–7 বৈঠকে অংশগ্রহণকারী সদস্য দেশের শীর্ষ নেতৃত্ব, আমন্ত্রিত দেশের নেতৃত্ব এবং আন্তর্জাতিক সংগঠনের প্রধানদের সঙ্গে আলোচনায় অংশ নেবেন।এ নিয়ে টানা ৬ বার তিনি জি–7 শীর্ষ সম্মেলনে যোগ দিতে চলেছেন। প্রধানমন্ত্রী শীর্ষ সম্মেলনের পাশাপাশি বেশ কয়েকটি দ্বিপাক্ষিক বৈঠকও করবেন।

*****************************

**Death of 3 children :**

আগরতলার বাধারঘাটস্থিত মাতৃপল্লী এলাকায় পুকুরের জলে ডুবে আজ তিন কিশোরের মর্মান্তিক মৃত্যু হয়েছে। এরা হলো শুভজিৎ দে, ববি শুক্ল দাস এবং শুভম দেব। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, পুকুরে স্নান করতে গিয়ে তারা জলে ডুবে যায়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। তিনি জানান, এই ঘটনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে।

***************************

**11 Years Of Raksha Shakti :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সশস্ত্র বাহিনীর ক্ষমতায়ন এবং প্রতিরক্ষায় দেশীয় প্রযুক্তি পরিচালিত উদ্ভাবনে বিগত এগারো বছরে মজবুত হয়েছে জাতীয় নিরাপত্তা। শুনুন একটি প্রতিবেদন

#######VC########

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**Cargo Terminal Inaugurai :**

রেলমন্ত্রী ডক্টর অশ্বিনী বৈষ্ণো আজ হরিয়াণার মানেসরে ভারতের বৃহত্তম গতিশক্তি মাল্টি মোডাল কার্গো টার্মিনালের উদ্বোধন করেছেন। পঁয়তাল্লিশ একর জায়গা জুড়ে গড়ে ওঠা এই কার্গো টার্মিনাল ৪ লক্ষ ৫০ হাজার যানবাহন পরিবহনে সক্ষম। তিনি জানান এরকম ১০৮টি মাল্টিমোডাল কার্গো পরিষেবার জন্য প্রস্তুত। রেল পরিকাঠামোর ক্ষেত্রে বিগত ১১ বছরে বিভিন্ন তাৎপর্যপূর্ণ সংস্কারের বিষয়েও রেলমন্ত্রী আলোকপাত করেন।

######Byte-Ashwini Vaishnaw#######

******************************

**Administrative Camp :**

ধরতী আবা জনভাগিদারী অভিযানের অঙ্গ হিসাবে আজ শান্তিরবাজার মহকুমা প্রশাসনের উদ্যোগে জোলাইবাড়ি ব্লকের দেবদারু গ্রাম পঞ্চায়েতে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে স্থায়ী বসবাসের শংসাপত্র

সহ বিভিন্ন প্রয়োজনীয় শংসাপত্রের জন্য আবেদনপত্র গ্রহন করা হয়। জোলাইবাড়ি ব্লকের বিডিও নবব্রত দত্ত, জোলাইবাড়ির কৃষি তত্বাবধায়ক শ্রীদাম দাস সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা এলাকার মানুষের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবগত হন। বন দপ্তরের পক্ষ থেকে বিতরণ করা হয় নানা জাতের গাছের চারা।

*****************************

**International Yoga Day-Press Meet :**

সারা দেশের সঙ্গে রাজ্যেও আগামী ২১শে জুন আন্তর্জাতিক যোগা দিবস পালিত হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ঐদিন সকাল ৭টায় আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে অনুষ্ঠানের উদ্বোধন করবেন। আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রী টিংকু রায় এখবর জানান। তিনি জানান, ২১ জুন সারা রাজ্যের প্রতিটি জেলা এবং প্রতিটি ব্লকে এই আন্তর্জাতিক যোগা দিবস পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। এই উপলক্ষে ২০শে জুন আয়োজিত হবে স্বচ্ছ ভারত অভিযান। এবছরের আন্তর্জাতিক যোগা দিবসে ভাবনা হল ‘এক পৃথিবী, এক স্বাস্থ্যের জন্য যোগ’।

*************************

**Yoga Day-Unakoti :**

আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে ঊনকোটি জেলার কৈলাশহরে, D.M কনফারেন্স হলে আজ এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, সহকারী সভাধিপতি সন্তোষ ধর, জেলাশাসক ডক্টর তমাল মজুমদার প্রমুখ। বৈঠকে সিদ্ধান্ত হয় যে, যোগ দিবসের জেলাভিত্তিক অনুষ্ঠান এবছর ঊনকোটিতে হবে। অনুষ্ঠানে রাজ্যের তপশিলী জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস উপস্থিত থাকার কথা।

***************************

**Special Talk :**

বিগত এগারো বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্বে ভারত পরিকাঠামো বিকাশে রূপান্তরের এক নতুন অধ্যায় রচনা করেছে। বতর্মান কেন্দ্রীয় সরকারের ১১ বছরের উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে সংবাদ বিভাগের এক আলোচনামূলক অনুষ্ঠান শোনা যাবে আজ রাত ৯টায়, আকাশবাণীর আগরতলা কেন্দ্র থেকে।

******************************

**Anti drug :**

নেশা মুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসাবে পশ্চিম জেলার জেলাশাসক অফিসের কনফারেন্স হলে আজ পশ্চিম জেলা ভিত্তিক এক কর্মশালা এবং সচেতনতা মূলক কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন পশ্চিম জেলার জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল। অনুষ্ঠানের উদ্বোধন করে শ্রী শীল বলেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে পশ্চিম জেলাকে নেশা মুক্ত জেলা হিসাবে ঘোষণা করার জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তিনি বলেন পয়লা জুন থেকে পঁচিশে জুন পর্যন্ত পশ্চিম জেলায় এই লক্ষ্যকে সামনে রেখে জেলার তিনটি মহকুমায় ফুটবল প্রতিযোগিতা, নাটক এবং স্কুলগুলিতে নেশার বিরুদ্ধে ছাত্রদেরকে সচেতন করতে উদ্যোগ নেওয়া হয়েছে। এই কাজে প্রতিটি এলাকার জনপ্রতিনিধিদের বিশেষ করে জিলা পরিষদের প্রতিনিধিদের যুক্ত করা হয়েছে। অনুষ্ঠানে পশ্চিম জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমার বলেন দেশের মূল শক্তি হচ্ছে যুবসমাজ। যুবসমাজকে নেশা মুক্ত রাখতে সব থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এলাকার জনপ্রতিনিধিদের।

******************************

**Second Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি

স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত সরোজ সংঘ ও নবোদয় সংঘের খেলাটি ১–১ গোলে ড্র হয়। ফলে উভয় দল পয়েন্ট ভাগ করে।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের খোয়াই, পশ্চিম, সিপাহীজলা, গোমতী এবং দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস।

*****************************